

তারিখ 15 MAY 1987

পৃষ্ঠা ইন্ডিয়াবে

৩১মে ট্রেন্সাই ১৩২৪

168

উপজেলা পরিক্রমা পাঁশা

রাজবাড়ী, ১৪ মে (সংবাদদাতা) —

রাজবাড়ী জেলার সবচেয়ে বড় উপজেলার নাম পাঁশা। পঞ্চানন্দীর অববাহিকায় পাঁশা অবস্থিত। উত্তরে পাবনা জেলা ও পঞ্চানন্দী, দক্ষিণে যশোর জেলা, পাঁশামে কুষ্টিয়া এবং পূর্বে রাজবাড়ীর সদর উপজেলা অবস্থিত। পাঁশা উপজেলার লোকসংখ্যা ২,৬২,৪১৭ জন। তন্মধ্যে পুরুষ ১,৩৪,৪১৯ জন এবং মহিলা ১,২৭,৯৯৮ জন (আদমশুমারি ১৯৮১) এবং ৪২৪ বগকিলোমিটার।

শিক্ষা

পাঁশা উপজেলার শিক্ষার হার ৩৩%। তন্মধ্যে ২৮% পুরুষ, মহিলা ৫%। কলেজ ২টি, উচ্চ মাধ্যমিক স্কুল ১৬টি, জুনিয়র স্কুল ১৬টি, প্রাইমারী (সরকারী) ১০০টি, বেসরকারী ২২টি। উপজেলায় কোন সরকারী উচ্চ মাধ্যমিক স্কুল নেই। মাদ্রাসা মোট ৮৯টি ইহার মধ্যে খারজি ১টি, আলেম ১টি, কাজেল ৩টি, দাখেল ১২টি এবং এবতেদারী ৭২টি। অধিকার্ষ

মাদ্রাসায়ই আসবাবপত্রের অভাব প্রকট যোগাযোগ জেলা সদরের সহিত একমাত্র মাধ্যম টেল, ৪টি রেল স্টেশন নিয়ে ২০ কিঃ মি: রেলপথ আছে। পিচালা কোন পাকা রাস্তা নেই। পাকা ১.৬১ কিঃ মি: সেমিপাকা ৮০৫ কিঃ মি: এবং কাচা রাস্তা ১০৮.৪০ কিঃ মি: নৌকা চলাচলের নদীপথ ৭২.৪৫ কিঃ মি: এরমধ্যে ৪০টি সেতু আছে। জেলা সদরের সহিত একমাত্র কাচা রাস্তাটির অবস্থা খুবই কঠুণ। এ উপজেলায় আদৌ কোন বাস-ট্রাক চলাচল করে না।

শিল্প

পাঁশা উপজেলা তাতের কাপড়ের জন্য প্রসিদ্ধ। ইহার মধ্যে চাদর, শাঢ়ী, লুংগী ইত্যাদি। উপজেলায় ছাপাখানা ২টি, সমিল ২টি, বরফ কল ২টি, মিশনারী ওয়ার্কশপ ২টি, কুটির শিল্প ৬২টি, উপজেলার অধিকার্ষ লোকই কৃষি এবং কাপড় তৈরীর কাজে নিয়োজিত।